



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
একত্রিকরণ শাখা

...

সভাপতি	মোঃ ওমর ফারুক এম.ডি (অতিরিক্ত সচিব), জীবন বীমা কর্পোরেশন
সভার তারিখ	০৬ অক্টোবর, ২০২০
সভার সময়	মঙ্গলবার বেলা ৩.০০ ঘটিকা
স্থান	এক্সিকিউটিভ কনফারেন্স রুম, জীবন বীমা কর্পোরেশন
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

১. আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে (পরিশিষ্ট ক) স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জীবন বীমা কর্পোরেশনের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করেন (১ম কোয়ার্টার জুলাই-সেপ্টেম্বর ২০২০-২০২১) এবং কর্পোরেশনে কিভাবে বাস্তবায়ন করা যায় তা নিয়ে পরামর্শ প্রদান করেন।

১.১ নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে অনুষ্ঠানের জন্য গুরুত্ব আরোপ করা হয়। ১৯তম সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় অবহিত করা হয় ও নিশ্চিত করা হয়। জীবন বীমা কর্পোরেশন নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করায় ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে Video Conferencing এর মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব (অডিট) জনাব জাকিয়া সুলতানা ধন্যবাদ জানান। এনআইএস ফোকাল পয়েন্ট নিয়োগ করে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশনা দেন।

১.২ সভায় দক্ষতা ও নৈতিকতা উন্নয়নে অংশীজনের সভা ও প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করা হয়। ১ম কোয়ার্টারে প্রশিক্ষণ বিভাগ মোট ১৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করে। স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করা হয়। কর্পোরেশনের ফাইন্যান্সিয়াল স্ট্যান্ডিং অর্ডার ১৯৮৪ এর আর্থিক ক্ষমতা সংশোধনের জন্য কমিটি গঠন করা হয়। কমিটির একটি সভা করা হয়েছে। প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের ও যুগোপযোগী করার জন্য আরো একটি কমিটি গঠন কর হয়। কর্পোরেশনের জন্য টোল ফ্রি নম্বর গ্রহণের জন্য বিটিআরসি-তে যোগাযোগ অব্যাহত রাখা এবং বিকল্প হিসাবে উন্নয়ন ডিভিশনের মনিটরিং সেলের জন্য একটি কর্পোরেট সিম গ্রহণ করে উক্ত কাজ চালিয়ে যাওয়ার জন্য বলা হয়। অন্য দিকে সিনিয়র সিস্টেম এনালিস্ট অবহিত করেন যে, শুদ্ধাচার সেবা বন্ধ, তথ্য অধিকার সেবা বন্ধ এবং অন্যান্য তথ্যাদি হালনাগাদ করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার উত্তম চর্চার তালিকা প্রনয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলা হয়। উত্তম চর্চা হতে পারে যেমন- (১) বীমা গ্রহীতার প্রিমিয়াম পরিশোধ সময়ে সিস্টেম থেকে বীমাগ্রাহকের মোবাইলে মেসেজ প্রদান, (২) বীমা দাবী পরিশোধের সময় বীমা ১(এক) মাসের মধ্যে নিয়ে আসা ও সহজীকরণ, (৩) অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন ইএফটির মাধ্যমে প্রদান এবং (৪) ব্যাংকিং চ্যানেল ও মোবাইল অ্যাপস এর মাধ্যমে প্রিমিয়াম আদায়।

১.৩ অনুচ্ছেদ নং ৬ এর জন্য বলা হয় কর্পোরেশনে কোন প্রকল্প নাই। ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশনা দেয়া হয়। ব্যবস্থাপনা পরিচালক বলেন সিটিজেন চার্টার দৃষ্টি নন্দন করতে হবে। কর্মকর্তারা অধীনস্থ অফিস পরিদর্শনে গেলে গনশুনানীও করতে পারে। স্ব স্ব ইনচার্জ ও গনশুনানী করতে পারে। নথি বিনষ্টকরণ বিষয়ে কমিটি গঠন করতে হবে। শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম যেমন: প্রশাসনিক ব্যয় হ্রাস, প্রাধিকারভিত্তিক প্রাপ্ত দ্রব্যাদির ব্যবহার, এনবিআর এ নির্ধারিত সময়ে রিটার্নি দাখিল ইত্যাদি গ্রহণ করা যেতে পারে। শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদান দ্রুত সময়ে সম্পাদন করতে বলা হয়। কর্ম পরিবেশন উন্নয়নের জন্য প্রাথমিকভাবে একটি ফ্লোরের জন্য ওয়ার্কস্টেশন তৈরী করতে হবে। কর্পোরেশনে রেস্টোরা বা কেন্টিন সীমিত পরিসরে চালু রাখা যেতে পারে। শুদ্ধাচার খাতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে খরচ করতে হবে। পরীক্ষণ ও মূল্যায়ন যথাযথভাবে করতে হবে। মাঠ পর্যায়ের শুদ্ধাচার কমিটির দাখিলকৃত প্রতিবেদনের ফিড ব্যাক দিতে হবে।

২ আলোচনা শেষে কমিটির সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-

ক্র:নং	বিষয় আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অনুচ্ছেদ ১.১: নৈতিকতা কমিটির সভা		
ক)	নৈতিকতা কমিটির সভা ও বাস্তবায়ন	নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে।	কমিটির ফোকাল পয়েন্ট
০১	৩.০ শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন		
খ)	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	চাকুরী এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ দেয়া হয়। স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণ ও সাময়িক দূরত্ব নিশ্চিত করা হয়। কর্পোরেশনের ফাইন্যান্সিয়াল স্ট্যান্ডিং অর্ডার	

		১৯৮৪ এর আর্থিক ক্ষমতা সংশোধনের জন্য কমিটি গঠন করা হয়। কমিটির একটি সভা করা হয়েছে। প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের ও যুগোপযোগী করার জন্য আরো একটি কমিটি গঠন কর হয়।	সংশ্লিষ্ট কমিটি
গ)	৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	প্রতি কোয়ার্টারে সেবা বক্স সমূহ হালনাগাদ করতে হবে। কর্পোরেশনের জন্য টোল ফ্রি নম্বর গ্রহণের জন্য বিটিআরসি-তে যোগাযোগ অব্যাহত রাখা এবং বিকল্প হিসাবে উন্নয়ন ডিভিশনের মনিটরিং সেলের জন্য একটি কর্পোরেট সিম গ্রহণ করে উক্ত কাজ চালিয়ে যাওয়ার জন্য বলা হয়।	এসএসএ (আইসিটি)
ঘ)	৫. সুশাসন প্রতিষ্ঠা		
	উত্তম চর্চার তালিকা প্রণয়ন ও অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ	সুশাসন প্রতিষ্ঠার উত্তম চর্চার তালিকা প্রনয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলা হয়। উত্তম চর্চা হতে পারে যেমন- (১) বীমা গ্রহীতার প্রিমিয়াম পরিশোধ সময়ে সিস্টেম থেকে বীমাগ্রাহকের মোবাইলে মেসেজ প্রদান, (২) বীমা দাবী পরিশোধের সময় বীমা ১(এক) মাসের মধ্যে নিয়ে আসা ও সহজীকরণ, (৩) অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন ইএফটির মাধ্যমে প্রদান এবং (৪) ব্যাংকিং চ্যানেল ও মোবাইল অ্যাপস এর মাধ্যমে প্রিমিয়াম আদায়।	কমিটির ফোকাল পয়েন্ট
ঙ)	৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশনা দেয়া হয়।	সংশ্লিষ্ট বিভাগ
চ)	৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ		
	৮.১ সিটিজেনস্ চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন, ৮.৪ সচিবালয় নির্দেশিকা-২০১৪ নিয়ে কমিটি আলোচনা করে ও ৮.৫ নথি বিনষ্টকরণ।	সিটিজেন চার্টার দৃষ্টি নন্দন করতে হবে। সচিবালয় নির্দেশিকা মোতাবেক কর্পোরেশন সকল দপ্তর নথি শ্রেণী বিন্যাস করে ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়কে অবহিত করবে। নথি বিনষ্টকরণের কমিটি কেন্দ্রীয়ভাবে হবে।	সংশ্লিষ্ট দপ্তর
ছ)	অনুচ্ছেদ ৮.৬ প্রতিষ্ঠানিক গণশুনানি		
	গণশুনানি নিয়ে কমিটি আলোচনা করে।	রিজিওনে গণশুনানির সিদ্ধান্ত হয়।	স্ব স্ব বিভাগ ও রিজিওনাল ইনচার্জ
জ)	৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	শুদ্ধাচার সংশ্লিষ্ট এ দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে নম্বর প্রদান করা হয় ও সংশ্লিষ্ট ঘরে নম্বর প্রদান করা হয়।	সংশ্লিষ্ট দপ্তর
ঝ)	অনুচ্ছেদ ১০.১: পুরস্কার প্রদান		
	পুরস্কার প্রদান বিষয়ে কমিটি বিস্তারিত আলোচনা করে। কমিটি পুরস্কার প্রদানের বিষয় একমত হয়।	সভাপতি মহোদয় পুরস্কার প্রদানের জন্য এনআইএস নির্দেশিকা ও অন্যান্য ক্রাইটেরিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করেন।	গঠিত কমিটি
ঞ)	১১. কর্ম-পরিবেশ উন্নয়ন		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা হয়।	কর্ম পরিবেশন উন্নয়নের জন্য প্রাথমিকভাবে একটি ফ্লোরের জন্য ওয়ার্কস্টেশন তৈরী করতে হবে। কর্পোরেশনে রেস্তোরা বা কেন্টিন চালু রাখা যেতে পারে।	ইই বিভাগ
ট)	অনুচ্ছেদ ১৩.৩: মাঠ/আঞ্চলিক কর্ম পরিকল্পনা		
	আঞ্চলিক/মাঠ পর্যায়ে যে সকল রিজিওনাল অফিস ২০১৯-২০২০ এর কর্ম পরিকল্পনা দেয়নি তা নিয়ে আলোচনা হয়।	যে সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ে রিজিওনাল অফিস কর্ম পরিকল্পনা দেয়নি তাদের ব্যাখ্যা চেয়ে পত্র প্রদান করতে হবে।	ফোকাল পয়েন্ট

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ওমর ফারুক

এম.ডি (অতিরিক্ত সচিব), জীবন বীমা কর্পোরেশন

স্মারক নম্বর: ৫৩.১৯.০০০০.৮০১.৩৭.০০১.২০.১৫


তারিখ: ২৬ আশ্বিন ১৪২৭

১১ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ২) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৩) যুগ্মসচিব, বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪) জিএম (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
- ৫) জিএম, গ্রুপ বীমা ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
- ৬) জিএম, ইঞ্জিনিয়ারিং এন্ড এস্টেট ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
- ৭) জিএম, অর্থ ও হিসাব ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
- ৮) ডিজিএম, ডেপুটি জেনারেল ম্যানেজার - অর্থ হিসাব, জীবন বীমা কর্পোরেশন

- ৯) এজিএম, প্রশাসন ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন
১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জীবন বীমা কর্পোরেশন



মোঃ ফেরদৌস আলম খান
ম্যানেজার